# কর্মসংস্থান ব্যাংক

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

**কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগ**

Email- pmthrd@kb.gov.bd


কব্যপ্রমাসবি পরিপত্র নং - ০৯ /২০১৮ তারিখ: ১৯ ডিসেম্বর, ২০১৮

**বিষয় : কর্মসংস্থান ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের ২০১৭-২০১৮ অর্থবছরের জন্য ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ বোনাস হিসেবে প্রদান।**

কর্মসংস্থান ব্যাংক বেকার যুবদের আত্ম কর্মসংস্থান ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ঋণ প্রদান করে থাকে। জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখায় ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের কাজে উৎসাহ প্রদানের লক্ষ্যে এ ব্যাংকের উৎসাহ বোনাসের আবেদনের পরিপ্রেক্ষিতে সরকার ২০১৭-২০১৮ অর্থবছরের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে **০১ (এক)** মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ উৎসাহ বোনাস হিসেবে প্রদানের অনুমোদন জ্ঞাপন করেছেন :

**শর্তাবলি :**

০২। (ক) এ বাবদ যাবতীয় আর্থিক ব্যয় প্রতিষ্ঠানের ২০১৭-২০১৮ অর্থবছরের নিজস্ব বাজেট বরাদ্দ হতে নির্বাহ করতে হবে;

(খ) অনুমোদিত উৎসাহ বোনাস শুধুমাত্র কর্মসংস্থান ব্যাংক-এর স্থায়ী ও ২০১৭-২০১৮ অর্থবছরে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীগণের জন্য প্রযোজ্য হবে;

(গ) উৎসাহ বোনাস-এর প্রাপ্যতা নির্ধারণের ক্ষেত্রে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ হতে ২৯.০৪.২০১০ তারিখে জারিকৃত অম/ব্যআপ্রবি/প্রঃব্যাশা/এলা-২/২০০৮-২৩৬ নং প্রজ্ঞাপনের সংশ্লিষ্ট বিধানসমূহ অনুসরণ করতে হবে;

(ঘ) কর্মসংস্থান ব্যাংক এর যে সকল কর্মকর্তা/কর্মচারী ২০১৭-২০১৮ অর্থবছরে প্রেষণে/সরকারী দপ্তরে/রাষ্ট্র মালিকানাধীন অপর ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে নিয়োজিত ছিলেন কিন্তু কর্মসংস্থান ব্যাংক হতে বেতন-ভাতাদি প্রাপ্ত হতেন তাদের জন্যও বর্ণিত আর্থিক সুবিধা প্রযোজ্য হবে। তবে অন্য কোনো প্রতিষ্ঠানের যে সকল কর্মকর্তা/কর্মচারী বর্ণিত অর্থবছরে প্রেষণে কর্মসংস্থান ব্যাংকে কর্মরত ছিলেন কিন্তু তাদের নিজ নিজ মূল প্রতিষ্ঠান হতে বেতন-ভাতা প্রাপ্ত হতেন তাদের জন্য বর্ণিত আর্থিক সুবিধা প্রযোজ্য হবে না; এবং

(ঙ) উল্লিখিত উৎসাহ বোনাস ৩০ জুন, ২০১৮ তারিখে আহরিত বা প্রাপ্য মূল বেতনের ভিত্তিতে প্রদান করতে হবে।

০৩। ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের উৎসাহ বোনাস প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত আনুষঙ্গিক শর্তাবলিও অনুসরণ করতে হবে :

(১) উৎসাহ বোনাস ব্যাংকের কেবল নিয়মিত কর্মকর্তা-কর্মচারীগণকে প্রদান করা হবে। সংশ্লিষ্ট অর্থবছরে ০৬ (ছয়) মাসের কম চাকুরিরত এবং দৈনিক মজুরীর ভিত্তিতে নিয়োগকৃত কর্মকর্তা-কর্মচারী উৎসাহ বোনাস পাবেন না। সংশ্লিষ্ট অর্থ-বছরে কোনো কর্মকর্তা-কর্মচারীর চাকুরিকাল ০৬ মাস ও তদূর্ধ্ব কিন্তু ০১ বছরের কম হলে আনুপাতিক হারে প্রাপ্য হবেন;

(২) স্থায়ীভাবে মঞ্জুরিকৃত পদের বিপরীতে শিক্ষানবিস/অফিসিয়েটিং ভিত্তিতে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণ উৎসাহ বোনাস পাওয়ার যোগ্য হবেন;

(৩) খন্ডকালীন চাকুরি অথবা দৈনিক ভিত্তিতে বা ওয়ার্ক চার্জ ভিত্তিতে নিয়োজিত ব্যক্তিবর্গ উৎসাহ বোনাস প্রাপ্য হবেন না;

(৪) মূল বেতন বলতে ৩০ জুন, ২০১৮ তারিখে আহরিত বা প্রাপ্য মূল বেতন বুঝাবে। কোনো ভাতা বেতনের অন্তর্ভুক্ত হবে না;

(৫) মৃত কর্মকর্তা/কর্মচারী যারা সংশ্লিষ্ট বছরে ব্যাংকের চাকুরিতে কর্মরত ছিলেন তাদের উত্তরাধিকারীগণ অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে উৎসাহ বোনাস প্রাপ্য হবেন। তাদের উত্তরাধিকারীগণের আবেদনের পরিপ্রেক্ষিতে সর্বশেষ কর্মস্থল হতে উৎসাহ বোনাস বিতরণ করা হবে তবে এরূপ কর্মকর্তা/কর্মচারীগণের চাকুরি সংশ্লিষ্ট বছরে ০৬ মাস পূর্ণ না হলে উৎসাহ বোনাস পাবেন না;

(৬) যে সকল কর্মকর্তা/কর্মচারী ব্যাংকের চাকুরি হতে বরখাস্ত বা অপসারিত হয়েছেন বা সাময়িকভাবে বরখাস্ত হয়েছেন তারা উৎসাহ বোনাস পাবেন না। তবে এরূপ কোনো কর্মকর্তা/কর্মচারী পরবর্তীতে চাকুরিতে পুনর্বহাল হলে তাকে উৎসাহ বোনাস প্রদান করা যাবে;

(৭) শৃঙ্খলাজনিত অপরাধে যে সকল কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে মোকদ্দমা দায়ের করা হয়েছে মোকদ্দমা চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত তারা উৎসাহ বোনাস পাবেন না। এক্ষেত্রে বিতরণকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর প্রাপ্য উৎসাহ বোনাস প্রদেয় খাতভুক্ত করবে। তবে প্রধান কার্যালয়ের কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগের অনুমতি সাপেক্ষে বিতরণযোগ্য হবে;

(৮) ব্যাংকের চাকুরি হতে ইস্তফা/পদত্যাগকারী কর্মকর্তা/কর্মচারীগণ উৎসাহ বোনাস প্রাপ্তির যোগ্য হবেন না;

(৯) এ ব্যাংকে সার্বক্ষণিকভাবে নিয়োজিত ব্যবস্থাপনা পরিচালক, উপ-ব্যবস্থাপনা পরিচালক, মহাব্যবস্থাপক এবং সরকার কর্তৃক সরাসরি নিয়োজিত বা অন্য কোনো সংস্থা হতে এ ব্যাংকে প্রেষণে নিয়োজিত অন্যান্য কর্মকর্তা/কর্মচারী যারা এ ব্যাংকের নিজস্ব চাকুরি বিধির আওতায় পড়েন না তারাও উৎসাহ বোনাস পাবেন। তবে তারা যদি সংশ্লিষ্ট অর্থবছরের জন্য অন্য কোনো সংস্থা হতে উৎসাহ বোনাস গ্রহণ করে থাকেন তা হলে এ ব্যাংক হতে উৎসাহ বোনাস পাবেন না;

(১০) যে তারিখের বেতনের উপর ভিত্তি করে উৎসাহ বোনাস প্রদান করা হবে ঐ তারিখে যদি কেউ পূর্ণ বেতনে বা অর্ধ বেতনে ছুটিতে থাকে (অবসর উত্তর ছুটি ব্যতীত) তা হলে ছুটিতে না থাকলে ঐ তারিখে তাদের বেতন যত হতো তার উপর উৎসাহ বোনাস পাবেন;

(১১) সংশ্লিষ্ট অর্থবছরে বিনা বেতনে অসাধারণ ছুটি ভোগকারী কর্মকর্তা/কর্মচারীগণ অসাধারণ ছুটিকাল বাদ দিয়ে অবশিষ্ট চাকুরিকালের জন্য অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আনুপাতিক হারে উৎসাহ বোনাস পাবেন;

(১২) যে সকল কর্মকর্তা/কর্মচারী সংশ্লিষ্ট অর্থবছরে পিআরএল ছুটিতে ছিলেন এবং পূর্ণ বেতন পেতেন তারা ছুটিতে গমণের প্রাক্কালে আহরিত মূল বেতনের ভিত্তিতে এ সুবিধা প্রাপ্য হবেন। তবে যারা উক্ত বছরে কমপক্ষে ০৬ (ছয়) মাস পিআরএল ছুটিতে ছিলেন তারা ৫০% হারে এবং যারা ০৬ (ছয়) মাসের অধিক সময়ে পিআরএল ছুটিতে ছিলেন তারা আনুপাতিক হারে উৎসাহ বোনাস প্রাপ্য হবেন। যারা পিআরএল ছুটিতে ০৬ (ছয়) মাসের কম ছিলেন তারা এ সুবিধা প্রাপ্য হবেন না;

(১৩) এ ব্যাংকের যে সকল কর্মকর্তা/কর্মচারী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করে নিম্নতর পদ থেকে উচ্চতর পদে নিয়োগ পেয়েছেন সে সকল কর্মকর্তা-কর্মচারীর উভয় পদে মোট চাকুরিকাল ৩০.০৬.২০১৮ তারিখে ০১ (এক) বছর পূর্ণ হলে তিনি পূর্ণ হারে উৎসাহ বোনাস প্রাপ্ত হবেন। তবে সংশ্লিষ্ট অর্থবছরে কোনো কর্মকর্তা-কর্মচারীর মোট চাকুরিকাল ০৬ মাস ও তদূর্ধ্ব কিন্তু ০১ বছরের কম হলে আনুপাতিক হারে উৎসাহ বোনাস প্রাপ্য হবেন;

(১৪) যে সকল কর্মকর্তা/কর্মচারী বর্তমানে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত আছেন তাদেরকে উৎসাহ বোনাস প্রদান করা যাবে না। পরবর্তীতে তারা উক্ত উৎসাহ বোনাস দাবী করলে কর্তৃপক্ষের বিবেচনার জন্য তা পূর্ণ তথ্যাদিসহ প্রধান কার্যালয়ের কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগে প্রেরণ করতে হবে।

০৪। উল্লিখিত শর্তাবলি পরিপালন সাপেক্ষে ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারীকে বেতন ভাতা প্রদানকারী স্ব-স্ব কার্যালয়/শাখা হতে উৎসাহ বোনাস প্রদানের নির্দেশ দেয়া হলো।

০৫। **বিতরণ ও হিসাবায়ন পদ্ধতি :**

(ক) উৎসাহ বোনাস প্রদানের জন্য প্রধান কার্যালয় হতে অন্য কোনো আদেশ জারি করা হবে না। কোনো কর্মকর্তা/কর্মচারীকে তার প্রাপ্য অপেক্ষা অতিরিক্ত উৎসাহ বোনাস প্রদান করা হলে সে জন্য আয়ন ও ব্যয়ন কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন। শাখাসমূহ কেবি আন্ত:হিসাব (**১১০২০০**) ডেবিট এবং ব্যাংক হিসাব ক্রেডিট করে বোনাসের অর্থ প্রদান করবেন;

(খ) শাখা ব্যবস্থাপকগণকে কর্মকর্তা/কর্মচারীদের প্রদত্ত উৎসাহ বোনাসের টাকার পরিমাণ উল্লেখপূর্বক নিম্নোক্ত "**ছক**" মোতাবেক বিবরণী প্রস্তুত করে সাপোর্টিং হিসেবে ট্রান্সফার ভাউচারের ফটোকপি সংযুক্ত করে ডেবিট এ্যাডভাইস স্ব-স্ব আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে। আঞ্চলিক কার্যালয় অঞ্চলাধীন শাখার এ্যাডভাইসসমূহ একত্রীভুত করে প্রধান কার্যালয়ের 'কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগ'- এ প্রেরণ করবে;

(গ) সংশ্লিষ্ট কর্মকর্তার অবিতরণকৃত/প্রদেয় খাতভুক্ত/বিনা বেতনে অসাধারণ ছুটি ভোগকৃতদের আনুপাতিক হারে কম প্রদেয় হলে তা মন্তব্য কলামে সুনির্দিষ্ট করে উল্লেখ করতে হবে।

**"ছক"**

## কর্মসংস্থান ব্যাংক

........................ শাখা/ কার্যালয়, ........................। শাখা কোড নং ..............

**কর্মকর্তা/কর্মচারীদের ২০১৭-২০১৮ অর্থবছরের জন্য উৎসাহ বোনাস বাবদ প্রদানকৃত অর্থের বিবরণী :**

| ক্র. নং | নাম ও সাভত সূচক নং | পদবি | ৩০.০৬.২০১৮ তারিখে আহরিত বা প্রাপ্য মূল বেতন | ২০১৭-১৮ অর্থবছরে ব্যাংকে কর্মরত সময় | প্রদানকৃত টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

অনুমোদনক্রমে-

(মোঃ আব্দুল খালেক মিয়া)
উপ-মহাব্যবস্থাপক

সূত্র নং-কেবি/প্রকা/কব্যপ্রমাসবি-বিবিধ-১১(০২)/২০১৮-২০১৯/৭৫৩৭ (৩১০) তারিখ: ১৯ ডিসেম্বর, ২০১৮

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :**

১. স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয় এর দপ্তর, কর্মসংস্থান ব্যাংক পরিচালনা বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা;
২. স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এর সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
৩. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয় এর দপ্তর, প্রশাসন ও পরিচালন/নিরীক্ষা/হিসাব মহাবিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৪. সকল উপ-মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (উপ-মহাব্যবস্থাপক, আইটি বিভাগ-কে পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো);
৫. সকল উপ-মহাব্যবস্থাপক/ সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), বিভাগীয় কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ;
৬. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ;
৭. সকল আঞ্চলিক ব্যবস্থাপক, আঞ্চলিক কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ;
৮. বোর্ড সচিব, বোর্ড সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
৯. সকল শাখা ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক ;
১০. অফিস নথি।

(কাজী মোঃ হাবিবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক